গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
jagannathpur.sunamganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০৫৩.১৭. ২৫৭ তারিখ ঃ ১৭.০৩.২০২৪ খ্রি.

**"সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯" এর আলোকে অনুর্ধ্ব ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান বিজ্ঞপ্তি- ০২/১৪৩১**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি / মৎস্যজীবী সংগঠন / সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী (যদি থাকে) সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জলমহাল ইজারা বিজ্ঞপ্তি নং- (০১/১৪৩১) প্রকাশিত হওয়া সত্বেও যে সকল জলমহাল ইজারা বন্দোবস্তের জন্য আবেদন পাওয়া যায়নি সেসকল জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়, সায়রাত -১ এর ১৫/০২/২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪.৩৬১ নং স্মারক এর নির্দেশনা অনুযায়ী জগন্নাথপুর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত ইজারাযোগ্য অনুর্ধ্ব ২০ একর খাস বদ্ধ জলমহাল "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯" অনুযায়ী ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দে মেয়াদে বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে ম্যানুয়ালি আবেদন আহ্বান করা যাচ্ছে।

এই বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর কোন বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা / স্থগিতাদেশ / নিষেধাজ্ঞা আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

সময়সূচি

| ক্র: নং | আবেদন ফরম বিক্রির তারিখ | মুখবন্ধ খামে আবেদন দাখিলের সময়সীমা ও স্থান |
|---|---|---|
| ০১. | ২৫ মার্চ -২০২৪ হতে ২৮ মার্চ ২০২৪ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) | ০৪ এপ্রিল ২০২৪ খ্রি. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ। (সকলা ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত) |

**১৪৩১-১৪৩৩ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ**

| ক্র.নং | জলমহালের নাম | মৌজা | দাগ নং | পরিমাণ (একর) | বিগত ৩ বছরে গড় ইজারা মূল্যের ৫% বর্ধিত হারে সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ডাকির খাল | গোতগাঁও | ৭৫৮ | ৮.৮০ | ১৪০৮১/- | ------- |
| ২. | ভৈষা ও চাতল | বাসুদেবস্মরণ | ৩৭৭৩, ৩৭৩০ | ১৪.১৬ | ৬৬১৫/- | মামলায় জড়িত |
| ৩. | রত্না বিল | বাসুদেবস্মরণ | ২৭৮৪, ২৯০৪, ২৪০৯, ২৩৯৫ | ১৪.৫৭ | ১১০৩/- | ------- |
| ৪. | পাথারিয়া দাইড় | আধুয়া | ৬৯২ | ৫.৩২ | ২৩১৫/- | ------- |
| ৫. | হিলুচিয়া ও বাহির আলম | সুরতনপুর | ০১ | ১.৪৩ | ৮৭২৪৭/- | |
| ৬. | পাটকুরা বাজার সরকারি পুকুর | পাটকুরা | ৩৯১ | ০.৬৩ | ২৭৮৩/- | |
| ৭. | বিলচর নাপতার বিল | চানপুর চক | ৪৭৮, ৪৮১ | ৩.৪১ | ১০০০/- | বিগত বছরের খাস আদায় |
| ৮. | বিবিয়ানা নদীর ডুবি | দিঘলবাক | --- | --- | ২০০০/- | বিগত বছরের খাস আদায় |
| ৯. | ডুগাই জুরী গুপ | কুবাজপুর, ইছগাঁও | ১৯৭১, ৫৩, ১৯৯৪, ৩১৪৩, ১১১৭, ৭৪২ | ৪.০২ | ৩৬৭৫/- | |
| ১০. | পুটি বিল | কুবাজপুর | ৪২৬৭ | ------ | ৭৫০০/- | |
| ১১. | চেরাচেপ্টি চুনখাই | বাদে খাশিলা, সনুয়াখাই | ৭৯৫, ৫৭, ২১৩ | ৫.৫৫ | ১১৩০৯/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১২. | বড় বন্দের বিল ও আলতা বিল | বাদে খাশিলা | ১৫০৪ | ২.০৯ | ১৫৭৫/- | |
| ১৩. | মধুপুরের ডহর | বাড়ী জগন্নাথপুর, আলিয়াবাদ | ২৩৭, ১৩৮ | ৩.০৬ | ৪৩৫৮/- | |
| ১৪. | জতইকোনা বিল | কুবাজপুর | ৩০, ৩১৩ | ১১.৮০ | | |
| ১৫. | জোর বিল পেলকুরা | পাইলগাঁও | ২৫৮৮/৬০, ১৩৮১/১৩৮৩, ১৪৪৫ | ৫.৫১ | ৫০০০/- | বিগত বছরের খাস আদায় |
| ১৬. | মাঝের ডুবি | সুরতনপুর | | | | |
| ১৭. | লুকমা বিল | সাতা, মাকড়কোনা | ১২৩৮, ১২৪৯ | ২.০৩ | ১৪৮০৫/- | |
| ১৮. | গোলমা নদী | | | | | |
| ১৯. | | | | | | |
| ২০. | চাতল বিল হটার হাওর | বাদে খাশিলা | ৫৯১, ৫৯২, ৬৪১ | ৪.৪৮ | ১১৫৫/- | |
| ২১. | চড়াল চেপ্টি বড় কান্দি | খানপুর | ৪২৯৩ | ৪.৯৬ | | |
| ২২. | চারুয়া বিল | | | | | |
| ২৩. | ছয়তাকোনা বড় বিল | মাকড়কোনা | ৩০৬ | ৩.৭৪ | | |
| ২৪. | সাতকাড়া বিল | সাতা | ৩৮৬ | ৭.৪০ | ৩৫০০/- | বিগত বছরের খাস আদায় |
| ২৫. | ওয়াছিমখালী | সারিকাইত, পাইলগাঁও | ২২৬, ১২৭৮ | ৭.৯৬ | | |
| ২৬. | জালালপুরের ঢালা | খানপুর | ১৯৬০ | ৪.৪০ | | |
| ২৭. | | | | | | ---- |
| ২৮. | কাড়া সিঙ্গারা গ্রুপ | রসুলপুর, জন্তরী, গ্রাম রসুলপুর | ১১২৩,৩২৩,১০০১, ২৮১, ১, ১/৯০,২,৮৯,৯৪,৯৫, ১৪৬ | ১৫.৬২ | ----- | |
| ২৯. | উপজেলা পরিষদ সরকারী পুকুর | --- | -------------- | --------- | বর্তমানে সম্পূর্ন ভরাট | |

**শর্তাবলী ঃ**

১. "সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯" এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

২. আবেদনপত্র ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূলকপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর এ দাখিল করতে হবে।

৩. আবেদনের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যায়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা /রুপরেখা সংযুক্ত করতে হবে। অসম্পূর্ন আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। আবেদন ফরমের সকল তথ্য / অংক, স্পষ্টভাবে লিখতে হবে, কোন কাটাকাটি, ঘষামাঝা গ্রহন করা হবে না এবং এক্ষেত্রে আবেদন বাতিল বলে গন্য হবে।

৪. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা সমাজসেবা/সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সে সমিতি নির্দিষ্ট তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা স্বাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি আবেদন করতে পারবে না।

৫. সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

২৪. জলমহাল ইজারা প্রাপ্তির পর কোন অবস্থাতেই কৃত্তিম উপায়ে (পানি সেচ, রাসায়নিক দ্রব্য প্রয়োগ ইত্যাদি) অবলম্বন করে মৎস্য আহরণ করা যাবে না। এরুপ কর্মকান্ড প্রমাণিত হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

২৫. ইজারামূল্য পরিশোধের সাথে সাথে অনুমোদিত আবেদনকারী সমিতি / সংগঠন স্ব উদ্যেগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহন করবেন। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহন করা যাবে না কিংবা কোন কর্তৃপক্ষ তা কোন আদালতে মামলা মোকদ্দমা করতে পারবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল প্রদান করা যাবে না।

২৬. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারী আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয় নি, সেই আদেশের/ আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যেকোন আদেশ / নির্দেশ এবং বিধিবিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৭. জলমহালের কোন অংশে স্থায়ী/ অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধির ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষন আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।

২৮. লীজগ্রহিতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন। জলমহালে কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ / বে-আইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

২৯. জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩০. যেসব জলমহালে মূল্যে উল্লেখ নেই আবেদনকারীকে সেসব জলমহালের আবেদনের ক্ষেত্রে মূল্যে উল্লেখ করতে হবে।

৩১. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭.০৬.২০২৪

(আল-বশিরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
ইমেইল : unojagannathpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০৫৩.১৭. তারিখ ঃ ১৭.০৩.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য;

১. মাননীয় সংসদ সদস্য, ২২৬, সুনামগঞ্জ-০৩, জাতীয় সংসদ সচিবালয়, শের- ই- বাংলা নগর, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট।
৩. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

**অবগতি ও বহুল প্রচারের জন্য; (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

৪. উপজেলা নির্বাহী অফিসার---------------------------------------(সকল), সুনামগঞ্জ।
৫. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭. উপজেলা--------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান, -----------------------------ইউ/পি, (সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব----------------------------------, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১১. জনাব, -----------------------------------------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১২. সভাপতি/ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৩. ওয়েব পোর্টাল, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৪. অফিস কপি/নোটিশ বোর্ড/মাস্টার ফাইল।

১৭.০৬.২৪

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।